


নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়: বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ ৩৫,৫০০-৬৭০১০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫) বেতন স্কেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারের ০১ (এক)টি শূন্য স্থায়ী মেডিকেল অফিসার (পুরুষ) পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। প্রার্থীকে এমবিবিএস পাসসহ মেডিসিন, কার্ডিওলজি, শিশু অথবা সার্জারী বিষয়ে পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি/ডিপ্লোমা অথবা মেডিকেল সায়েন্স সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি/ডিপ্লোমা থাকিতে হইবে। প্রার্থীকে বিশ্ববিদ্যালয় চিকিৎসা কেন্দ্র বা অনুরূপ প্রতিষ্ঠানে অন্তত: ৩ (তিন) বৎসরের কাজ করার অভিজ্ঞতা থাকিতে হইবে। মেডিকেল অফিসার পদের যোগ্যপ্রার্থী পাওয়া না গেলে সহকারি মেডিকেল অফিসার নিয়োগ করা যাইতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ, সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত কপিসহ ৮(আট) প্রস্থ দরখাস্ত আগামী ১০-১২-২০১৭ তারিখের মধ্যে রেজিস্ট্রারের নিকট পৌঁছাইতে হইবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।


১৫/১১/১৭